


যুগান্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়

ফুলপুর থেকে অনার্সের ৯ বাউন্স খাতা উদ্ধার

প্রকাশ : ১৪ জুন ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ময়মনসিংহ ব্যুরো

ময়মনসিংহের ফুলপুর উপজেলার ভাইটকান্দি থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স পরীক্ষার নয় বাউন্স খাতা উদ্ধার করেছে কোতোয়ালি পুলিশ। বুধবার সকালে এ খাতাগুলো উদ্ধার করে থানায় নিয়ে আসে। এ ঘটনায় সানাউল্লাহ নামে একজনকে আটক করে। আনন্দমোহন কলেজের পদার্থ, গণিত, সমাজকল্যাণ ও সমাজকর্ম বিষয়ের শিক্ষকদের নামে পুনঃপরীক্ষণের জন্য গত ৩ জুন ৯টি বাউন্সে প্রায় এক হাজার খাতা আসে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে। খাতাগুলো পোস্ট অফিস থেকে রিকশাযোগে আনার পথে চুরি হয়ে যায়।

কোতোয়ালি মডেল থানার ওসি মাহমুদুল ইসলাম জানান, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে আনন্দমোহন কলেজের পদার্থ, গণিত, সমাজকল্যাণ ও সমাজকর্ম বিষয়ের শিক্ষকদের নামে পুনঃপরীক্ষণের জন্য গত ৩ জুন ৯টি বাউন্সে প্রায় এক হাজার খাতা আসে পোস্ট অফিসের মাধ্যমে। খাতাগুলো সরবরাহ করে পৃথক রিকশায় নেয়ার পথে রিকশাচালক লাপাত্তা হয়ে যায়। এ ঘটনায় কোতোয়ালি মডেল থানায় একটি ডায়েরি করা হয়। পরে কোতোয়ালি পুলিশ বুধবার গোপন সংবাদের ভিত্তিতে ফুলপুর উপজেলার ভাইটকান্দি এলাকা থেকে খাতাগুলো জব্দ করে। তিনি জানান, বড় বস্তা দেখে ওই রিকশাচালক লোভ সামলাতে পারেনি। বস্তার ভেতরে মূল্যবান সম্পদ আছে, এমনটা ভেবে সেগুলো নিয়ে সে উধাও হয়ে যায়।

তবে খাতাগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা, এ ব্যাপারে কোনো কিছু জানাতে পারেনি পুলিশ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।